



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী।



তারিখ : ০৪/০৬/২০১৮ খ্র.

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি :

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ফেনী সরকারী কলেজে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.edu.bd/admission) থেকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী সড়বাতক (পাস) নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

২। আবেদনের নিয়মাবলী :

ক) প্রথম ধাপ : অনলাইনের প্রাথমিক আবেদন ০৫/০৬/২০১৮ থেকে ২৬/০৬/২০১৮ তারিখ এর মধ্যে আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.edu.bd/admission) থেকে ফরম ডাউনলোড করে নিতে হবে।

খ) দ্বিতীয় ধাপ : ০৬/০৬/২০১৮ হতে ২৭/০৬/২০১৮ তারিখের মধ্যে আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে সকাল ৯-০০ টা হতে ২-০০ টা পর্যন্ত সময়ের মধ্যে আবেদন ফি বাবাদ ৩০০/- (তিনশত) টাকাসহ বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজকর্ম, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা ও গণিত সহ সকল বিষয়ের প্রার্থীগণ তাদের আবেদন ফরম ব্যবস্থাপনা বিভাগে জমা দিতে হবে।

৩। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের সংঙ্গে প্রার্থীর স্নাতক(পাস)/স্নাতক(সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি এবং জমাকৃত টাকার রশিদের ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে।

৪। অসম্পূর্ণ আবেদন ফরম গ্রহণ করা হবে না।


অধ্যক্ষ ০৪/০৬/১৮

ফেনী সরকারি কলেজ, ফেনী।

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী।